



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন মন্ত্রণালয়

নৌপরিবহন অধিদপ্তর

শিপিং শাখা



...

সভাপতি	কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন মহাপরিচালক
সভার তারিখ	০৪-০২-২০২৪ ইং
সভার সময়	দুপুর ১২.০০
স্থান	অধিদপ্তরের সম্মেলন কক্ষ
উপস্থিতি	তালিকা- পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। মেরিন ইঞ্জিনিয়ার অফিসার এবং ডেক অফিসার (ক্লাস- ৪ এবং ৫) সনদধারী নাবিকগণ এর CDC তে **Valid for Near Coastal Vessel Only** সীল প্রত্যাহার প্রসঙ্গে অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাদের সম্মুখে একটি অভ্যন্তরীণ সভা অনুষ্ঠিত হয়। মহাপরিচালক উপ-পরিচালক, রেজিনা বেগমকে উক্ত সভার আলোচ্য বিষয় উপস্থাপনের আহ্বান জানালে তিনি বলেন, জনাব সজীব চক্রবর্তী, সিডিসি নং-সি/ও/১১৪৮৩ নামক একজন MEO CLASS-4 সনদধারী সীফ্যারার CDC তে **Valid for Near Coastal Vessel Only** সীল প্রত্যাহারের জন্য সরকারি সমুদ্র পরিবহন অফিস চট্টগ্রামে আবেদন করেন। শিপিং মাস্টার তার আবেদনটি বিবেচনার জন্য অত্র অধিদপ্তরে প্রেরণ করেন। জনাব সজীব চক্রবর্তী তার আবেদনে উল্লেখ করেন যে, নৌপরিবহন অধিদপ্তরের ১৪-০২-২০২২ ইং তারিখের স্মারক নং: ১৮.১৭.০০০০.০১২.০১.১৫৮.২১.৪৮ মোতাবেক তার সিডিসি-তে **Valid for Near Coastal Vessel Only** সীল প্রদানের কারণে তিনি বিদেশগামী বাণিজ্যিক জাহাজে যোগদান করতে পারছেন না।

সভায় আলোচ্য বিষয়ের উপর আলোকপাত করে উক্ত সিডিসি-তে ” **Valid for Near Coastal Vessel Only**” এর প্রয়োগের বিষয়ে ব্যাপক আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

(১) মার্চেন্ট মেরিন অফিসার ক্লাস-৪ এবং ৫ (ডেক ও ইঞ্জিন) সনদধারী নাবিকগণ **Near Coastal Voyage** এ চাকুরীর জন্য নির্ধারিত। সে কারণে তাদের অনুকূলে ইস্যুকৃত CDC এর ১ম, ২য় ও ৩য় পাতার উপরিভাগে **Valid for Coastal Vessel Only** সীল প্রদান এবং সরকারী শিপিং অফিসের **On Line** এ তা প্রদর্শনের নির্দেশনা অব্যাহত থাকবে ;

(২) কোস্টাল ভেসেল ক্লাশ-৪ (ডেক ও ইঞ্জিন) যোগ্যতা সনদধারী কোন নাবিক কোস্টাল জাহাজে ২৪ মাস সার্ভিস সম্পন্ন করার পর ”বাংলাদেশ নৌবাণিজ্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মঘন্টা এবং ওয়াচকিপিং বিধিমালা বিধিমালা, ২০১১” এর আওতায় মেরিন ইঞ্জিনিয়ার অফিসার ক্লাশ-৩ বা ডেক অফিসার ক্লাশ-৩ সনদায়ন পরীক্ষায় অংশ গ্রহণের উদ্দেশ্যে সমুদ্রগামী জাহাজে সী-সার্ভিস সম্পন্ন করার নিমিত্তে তাদের অনুকূলে ইঞ্জিন ক্যাডেট অথবা ডেক ক্যাডেট হিসাবে CDC ইস্যু করা হবে ;

(৩) ৫০০ গ্রস টনেজের উর্ধ্বের কোস্টাল জাহাজের সকল প্রার্থীকে সরকারী শিপিং অফিসের মাধ্যমে সাইন অন/সাইন অফ করতে হবে ।

সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয় ।



কমডোর মোহাম্মদ মাকসুদ আলম, (ই), বিএসপি, এনইউপি, বিসিজিএম,
বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, বিএন
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৮.১৭.০০০০.০১২.০১.১৫৮.২১.৪৮

তারিখ: ৫ ফাল্গুন ১৪৩০

১৮ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (ভারপ্রাপ্ত), চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
- ২) চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব), চীফ নটিক্যাল সার্ভেয়ার এর অধিশাখা, নৌপরিবহন অধিদপ্তর
- ৩) ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এন্ড এক্সামিনার, পরীক্ষা শাখা(ইঞ্জিনিয়ারিং), নৌপরিবহন অধিদপ্তর



মোঃ গিয়াসউদ্দীন আহমেদ
চীফ নটিক্যাল সার্ভেয়ার (চলতি দায়িত্ব)